# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

স্মারক নং-কু:বি:/রেজি./মেধাবৃত্তি(অভ্যন্তরীণ)-৯২৮/২০০৯/ ৭৭৪৪ তারিখ: ২৫/০৯/২০২৩খ্রি

প্রাপক,
বিভাগীয় প্রধান,
গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ ইংরেজি/ বাংলা/ লোক প্রশাসন/ অর্থনীতি/নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব / গণযোগাযোগ ও সাংবাদিকতা/ আইন / সিএসই/ আইসিটি/ এআইএস/ মার্কেটিং/ ব্যবস্থাপনা শিক্ষা/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়।

**বিষয়ঃ মেধাবৃত্তি ও আর্থিকভাবে চ্যালেঞ্জ শিক্ষার্থীদেরকে ভাইস চ্যান্সেলর স্কলারশীপ-২০২৩ প্রদানের নিমিত্ত জরুরি মনোনয়ন আহবান।**

জনাব
উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রতিটি বর্ষে অধ্যয়নরত মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদেরকে মেধাবৃত্তি ও আর্থিকভাবে চ্যালেঞ্জ শিক্ষার্থীদেরকে ভাইস চ্যান্সেলর স্কলারশীপ-২০২৩ প্রদানের নিমিত্ত আগামী ০৪/১০/২০২৩খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত শর্তাবলি অনুসরণ করে ২ ক্যাটাগরিতে শিক্ষার্থীদের তালিকা নিম্নোক্ত ৩ সদস্য বিশিষ্ট কমিটির সুপারিশ ও স্বাক্ষরে প্রেরণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলী ঃ
ক. ১ম ও ২য় সেমিস্টারের সিজিপিএ = ২য় বর্ষ, ৩য় ও ৪র্থ সেমিস্টারের সিজিপিএ = ৩য় বর্ষ, ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের সিজিপিএ = ৪র্থ বর্ষ, ৭ম ও ৮ম সেমিস্টারের সিজিপিএ = মাস্টার্সে ভর্তিচ্ছু নতুবা মাস্টার্স ১ম বর্ষে অধ্যয়নরত (ফার্মেসী বিভাগের জন্য ৫ম বর্ষ প্রযোজ্য)। নিয়মিত অধ্যয়নরত সেমিস্টার ফলাফলের ভিত্তিতে প্রতি বিভাগ হতে সর্বোচ্চ নম্বরধারী, দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ নম্বরধারী ৪×৩= ১২ জন এবং স্নাতকোত্তর ২য় বর্ষে অধ্যয়নরত এবং মাস্টার্স ১ম সেমিস্টারে সর্বোচ্চ নম্বরধারী, দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ নম্বরধারী শিক্ষার্থীদের মধ্য হতে ৩ জন। সর্বশেষ একাডেমিক বর্ষের রেজাল্ট শীট প্রযোজ্য। এক্ষেত্রে একাধিক শিক্ষার্থীর ফলাফল/স্কোর সমান হলে উভয় বা একাধিক বিবেচনা করতে হবে।
খ. শর্তাবলী 'ক' এর মত করে প্রতিটি বিভাগ থেকে স্নাতক থেকে স্নাতকোত্তর পর্যন্ত আরও ৫ (অনার্স ৪, মাস্টার্স ১) জন করে আর্থিকভাবে চ্যালেঞ্জ মোকাবেলা করা শিক্ষার্থীদেরকে বৃত্তি প্রদান করা হবে (ফার্মেসী বিভাগ থেকে ৬ জন)।
গ. প্রতি বিভাগ থেকে ২০ জন (ফার্মেসী বিভাগ থেকে ২৪ জন) সর্বমোট ৩৮৪ (কম-বেশী হতে পারে) জন শিক্ষার্থীকে মেধাবৃত্তি ও আর্থিকভাবে চ্যালেঞ্জ বৃত্তি প্রদান করা হবে।
ঘ. আর্থিকভাবে চ্যালেঞ্জ শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে জেন্ডার সমতার বিষয়টি খেয়াল রাখতে হবে।
ঙ. একই শিক্ষার্থীকে মেধাবৃত্তি ও আর্থিকভাবে চ্যালেঞ্জ মোকাবেলা বৃত্তির জন্য মনোনয়ন দেয়া যাবে না।
চ. বিজ্ঞপ্তি জারির পর বিভাগীয় প্রধানগণ তাঁদের স্ব স্ব বিভাগে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করার মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করে তাঁদের তালিকা রেজিস্ট্রার দপ্তরে জরুরি ভিত্তিতে প্রেরণ করবেন।

| | |
|---|---|
| ১। বিভাগীয় প্রধান | সভাপতি |
| ২। বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা | সদস্য |
| ৩। বিভাগীয় ছাত্র উপদেষ্টা | সদস্য |

❖ **বিষয়টি অতীব জরুরি ।**

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে
25.09.2023
(মো: আমিরুল হক চৌধুরী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
০১। ডিন, বিজ্ঞান/কলা ও মানবিক / সামাজিক বিজ্ঞান/আইন / প্রকৌশল/ বিজনেস স্টাডিজ অনুষদ, কু.বি.।
০২। ছাত্র উপদেষ্টা, কু.বি.।
০৩। পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় (স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর চলমান সেমিস্টারসমূহের সিজিপিএ ভিত্তিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ফলাফল প্রেরণের অনুরোধসহকারে) কু.বি.।
০৪। সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি
০৫। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি.।
০৬। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
০৭। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
০৮। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
০৯। সকল নোটিশ বোর্ড, কু.বি.।
১০। অফিস কপি।